গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০
www.masscommunication.gov.bd

স্মারক নং: ১৫.৫৬.০০০০.০০১.১১.০২৪.২২ (পার্ট-৩)-৬০৭ তারিখ: ২৬.০৬.২০২৫ খ্রি

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণযোগাযোগ অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত পদে গ্রেড-১৩ থেকে গ্রেড-২০ পর্যন্ত (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণি) নিম্নোক্ত পদে অস্থায়ীভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত নিম্নের বর্ণনানুযায়ী কেবল বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হইতে অনলাইনে (https://mcd.teletalk.com.bd) আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য |
|---|---|---|---|
| ১. | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩, বেতনস্কেল টা: ১১,০০০-২৬৫৯০/- | ০২<br>(দুই)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং<br>(গ) বাংলা ও ইংরেজি সাঁটলিপি প্রতি মিনিটে গতি যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ। বাংলা ও ইংরেজি টাইপিং এর গতি প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ। |
| ২. | উর্ধ্বতন কণ্ঠশিল্পী<br>গ্রেড-১৩, বেতনস্কেল টা: ১১,০০০-২৬৫৯০/- | ০৩<br>(তিন)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংগীতে স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত বোর্ড হইতে সংগীতে ডিপ্লোমা;<br>(খ) সুর সংযোজন ও কণ্ঠদানে পারদর্শিতা;<br>(গ) সুললিত ও মিষ্টি কণ্ঠের অধিকারী;<br>(ঘ) গণজমায়েত অথবা কোনো সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশনায় বা কণ্ঠদানে সক্ষম এবং<br>(ঙ) গানের মাধ্যমে কর্মসূচি প্রচারের অভিজ্ঞতা। |
| ৩. | সাউন্ড মেকানিক<br>গ্রেড-১৪, বেতনস্কেল টা: ১০,২০০-২৪,৬৮০/- | ০৪<br>(চার)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ইলেকট্রনিক্স ও ইলেকট্রিক্যাল বিষয়ে ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড কোর্সে উত্তীর্ণ এবং<br>(খ) ইলেকট্রনিক্স ও পিএ যন্ত্রপাতি এবং সিনেমা যন্ত্রপাতি মেরামত বিষয়ে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৪. | ড্রাইভার<br>গ্রেড-১৫, বেতনস্কেল টা: ৯,৭০০-২৩,৪৯০/- | ২২<br>(বাইশ)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ভারী মোটরগাড়ি চালনার লাইসেন্স প্রাপ্ত;<br>(গ) ড্রাইভিং এর ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(ঘ) গাড়ি চালনায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৫. | অফিস সহকারী -কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬, বেতনস্কেল টা: ৯,৩০০-২২,৪৯০/- | ৪০<br>(চল্লিশ)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং<br>(গ) বাংলা ও ইংরেজি টাইপিং এর গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ। |
| ৬. | হিসাব সহকারী<br>গ্রেড-১৬, বেতনস্কেল টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০২<br>(দুই)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারের Microsoft Office এর MS Word, MS Excel ও Online এ বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য |
|---|---|---|---|
| ৭. | ঘোষক<br>গ্রেড-১৬, বেতনস্কেল টা: ৯,৩০০-২২,৪৯০/- | ১৮<br>(আঠারো)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) স্পষ্ট ও সুমিষ্ট কণ্ঠস্বরসহ ঘোষণায় পারদর্শিতা;<br>(গ) ঘোষণার বার্তা তৈরি করিবার দক্ষতা; এবং<br>(ঘ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৮. | স্টোর এ্যাসিসটেন্ট<br>গ্রেড-১৬, বেতনস্কেল টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০২<br>(দুই)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোটরগাড়ি, মাইক, সিনেমা প্রজেক্টর, জেনারেটর ও বৈদ্যুতিক যন্ত্রাংশের নাম সংরক্ষণ ও সরবরাহসহ স্টোরের হিসাব সংরক্ষণ কাজে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৯. | মোটর মেকানিক<br>গ্রেড-১৬, বেতনস্কেল টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০১<br>(এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বৎসরের অটোমোবাইল বা অটোমোটিভ ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং<br>(খ) সরকারি বা কোনো প্রাইভেট মোটর কারখানায় মোটরগাড়ি মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ১০. | ফ্লুট প্লেয়ার<br>গ্রেড-১৬, বেতনস্কেল টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০১<br>(এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) গান বা সুরের তাল-লয় ও রাগ সম্পর্কে জ্ঞান; এবং<br>(গ) বংশীবাদক হিসেবে বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ১১. | সহকারী সাইন অপারেটর<br>গ্রেড-১৮, বেতনস্কেল টা: ৮,৮০০-২১,৩১০/- | ০১<br>(এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বৈদ্যুতিক (এসি/ডিসি ২২০ ভোল্ট পর্যন্ত) কাজের অভিজ্ঞতা;<br>(গ) টেস্ট ল্যাম্প ও হাইড্রোমিটার ব্যবহার সম্পর্কে অভিজ্ঞতা; এবং<br>(ঘ)জনসভায় ব্যবহৃত মাইকের যন্ত্রপাতি অপারেটিং ও মেরামতের অভিজ্ঞতা। |
| ১২. | এপিএই অপারেটর<br>গ্রেড-১৮, বেতনস্কেল টা: ৮,৮০০-২১,৩১০/- | ২২<br>(বাইশ)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বৈদ্যুতিক (এসি/ডিসি ২২০ ভোল্ট পর্যন্ত) কাজের অভিজ্ঞতা;<br>(গ) টেস্ট ল্যাম্প ও হাইড্রোমিটার ব্যবহার সম্পর্কে অভিজ্ঞতা; এবং<br>(ঘ)জনসভায় ব্যবহৃত মাইকের যন্ত্রপাতি অপারেটিং ও মেরামতের অভিজ্ঞতা। |
| ১৩. | অফিস সহায়ক<br>গ্রেড-২০, বেতনস্কেল টা: ৮,২৫০-২০,০১০/- | ৩৩<br>(তেত্রিশ)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী। |
| ১৪. | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০, বেতনস্কেল টা: ৮,২৫০-২০,০১০/- | ২৬<br>(ছাব্বিশ)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী। |

**আবেদনকারীদের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলী:**

০১. আগ্রহী প্রার্থীগণ https://mcd.teletalk.com.bd ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন করতে পারবেন। সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না।

০২. শুধু বাংলাদেশের স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন। সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

০৩. আবেদনকারীর বয়স ০১-০৭-২০২৫ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠারো) এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে। মাধ্যমিক বা সমমানের পরীক্ষার সনদে উল্লেখকৃত জন্মতারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪. কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো প্রার্থী যোগ্য বলে বিবেচিত হবেন না যদি তিনি -

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন এবং
(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নন।

০৫. নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধিবিধান এবং পরবর্তীকালে এ সংক্রান্ত বিধিবিধানে কোনো সংশোধন করা হলে তা অনুসরণ করা হবে।

০৬. নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান/জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন প্রতিপালিত হবে।

০৭. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং চাকরিরত সকল প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্র/অনাপত্তিপত্র (NOC) এর মূলকপি বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে।

০৯. মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজনীয় কাগজপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে (এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে):
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/প্রত্যয়নপত্র/অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।
(খ) জেলার স্থায়ী বাসিন্দা হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ।
(গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ।
(ঘ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙিন ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।
(ঙ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হিসাবে আবেদনকারীর পিতা/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ।
(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ।
(ছ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর/ জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদ।
(জ) সরকারি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঝ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটারে দক্ষতার প্রমাণস্বরূপ সনদ।
(ঞ) ডাউনলোডকৃত Applicant's Copy এবং Admit Card এর রঙিন প্রিন্ট কপি।

১০. কেউ প্রকৃত তথ্য ও যোগ্যতা গোপন করে অথবা ভুল/মিথ্যা তথ্য দিয়ে নিয়োগপ্রাপ্ত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া প্রার্থী কোন প্রকারের প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরেও যেকোন পর্যায়ে প্রার্থীর পরীক্ষা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. যদি কোন প্রার্থী কোন ফৌজধারী আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।

১২. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। ব্যবহারিক/বাছাই/লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১৩. নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্যপদ পূরণে 'গণযোগাযোগ অধিদপ্তর (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০' অনুসরণ করা হবে এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং পূর্ণাঙ্গ/আংশিক বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৫. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

ক. একজন প্রার্থী কেবল একটি পদের জন্য আবেদন করতে পারবেন। অতএব একজন প্রার্থী তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী কোন পদের জন্য আবেদন করবেন সে বিষয়ে সুচিন্তিত সিদ্ধান্ত গ্রহণ করার জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে।

খ. আবেদনের সময়সীমা ও নিয়মাবলী/শর্তাবলী নিম্নরূপ:
(i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০১ জুলাই ২০২৫ সকাল ১০:০০ টা হতে।
(ii) অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৮ জুলাই ২০২৫ বিকাল ০৫:০০ টা পর্যন্ত।
(iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

গ. অনলাইনে আবেদনপত্রে প্রার্থী তার সম্প্রতি তোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

ঘ. অনলাইনে আবেদনপত্র পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঙ. প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

১৬. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর আপলোড করে আবেদনপত্র Submit করার অব্যবহিত পরে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে SMS করে ১-১০ নং ক্রমিকের পদসমূহের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও সার্ভিস চার্জ ১২/- (বার) টাকা মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ১১-১৪ নং ক্রমিকের পদসমূহের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও সার্ভিস চার্জ ৬/- (ছয়) টাকা মোট ৫৬/- (ছাপান্ন) টাকা ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইনে আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS:**

MCD<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: MCD ABCDEFGH
Reply SMS: Applicant's Name, Tk. 112/- will be charged as Application fee. Your PIN is 12345678.
To Pay fee Type MCD <space> Yes <space> PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:**

MCD <space> YES <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: MCD YES 12345678 and send to 16222.
Reply SMS: Congratulation Applicant's Name, payment completed successfully for MCD application for the post of xxx, User ID: (ABCDEFGH) and Password (XXXXXXXX).

ক. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://mcd.teletalk.com.bd অথবা গণযোগাযোগ অধিদপ্তরের অফিসিয়াল ওয়েবসাইট https://masscommunication.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যেমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিকভাবে সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

খ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তী সময়ে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

গ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: MCD <space> Help <space> User <space>User ID and Send to 16222.
Example: MCD HELP User ABCDEFGH and send to 16222.

ii. PIN নাম্বার জানা থাকলে: MCD <space> Help<space> PIN <space> PIN No and send to 16222.
Example: MCD Help PIN 1234567.

ঘ. অনলাইনে আবেদন করতে সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd অথবা টেলিটক নম্বর থেকে 121 নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobs.bd এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে।

১৭. বিজ্ঞপ্তিটি গণযোগাযোগ অধিদপ্তরের ওয়েবসাইট (https://masscommunication.gov.bd/) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইটে (https://mcd.teletalk.com.bd) পাওয়া যাবে।

**[পর্যাপ্ত সময় নিয়ে অতি সতর্কতার সাথে নির্ভুলভাবে নিজে আবেদনপত্র পূরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বেই ফি জমাদানসহ আবেদন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে।]**

তারিক মোহাম্মদ
উপপরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব, বিভাগীয় নিয়োগ কমিটি
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, রমনা, ঢাকা-১০০০।